

13th BRICS Summit

September 06, 2021

ত্রয়োদশ ব্রিক্স শীর্ষ সম্মেলন

সেপ্টেম্বর 06, 2021

1. 2021 সালে ব্রিক্সে ভারতের সভাপতিত্ব চালু থাকার অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভারতীয় ফরম্যাটে 9 ই সেপ্টেম্বর 2021-এ ত্রয়োদশ ব্রিক্স শীর্ষ সম্মেলনের পৌরোহিত্য করবেন। ব্রাজিলের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার জেইর বোলসোনারো, রাশিয়ার রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার ব্লাদিমির পুতিন, চীনের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার জি জিনপিং এবং দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার সিরিল রামফোসা বৈঠকে উপস্থিত থাকবেন। ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত ডোভাল, নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সভাপতি মিস্টার মার্কোস ড্রোয়াজো, ব্রিক্স বাণিজ্য পরিষদের প্রোটেক্স সভাপতি শ্রী ওংকার কানওয়ার এবং ব্রিক্স মহিলা বাণিজ্য জোটের প্রোটেক্স সভাপতি ডঃ সঙ্গীতা রেড্ডি, শীর্ষ সম্মেলনে নেতৃত্বের কাছে এই বছরে তাদের নিজ নিজ ক্ষেত্রের অধীনে অনুসৃত ফলাফলগুলির প্রতিবেদন পেশ করবেন।

2 শীর্ষ সম্মেলনের মূলভাব হল 'ব্রিক্স@15: ধারাবাহিকতা, একত্রীকরণ এবং ঐক্যমত্যের জন্য আন্তঃব্রিক্স সহযোগিতা'। ভারত তার সভাপতিত্বের জন্য চারটি অগ্রাধিকার ক্ষেত্রের অগ্রাধিকার দিয়েছে। সেগুলি হল বহুপাক্ষিক ব্যবস্থার সংস্কার, সন্ত্রাস দমন, এসডিজি অর্জনের জন্য ডিজিটাল এবং প্রযুক্তিগত সরঞ্জামের ব্যবহার এবং জনগণের সাথে জনগণের আদানপ্রদান বৃদ্ধি করা। এই ক্ষেত্রগুলির অতিরিক্ত, নেতৃত্ব কোভিড-19 অতিমারির প্রভাব এবং অন্যান্য সাম্প্রতিক আন্তর্জাতিক ও আঞ্চলিক বিষয়গুলি নিয়ে নিজেদের মধ্যে মত বিনিময়ও করবেন।

3. এই নিয়ে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দ্বিতীয় বারের জন্য ব্রিক্স শীর্ষ সম্মেলনের পৌরোহিত্য করবেন। এর আগে তিনি 2016-তে গোয়া শীর্ষ সম্মেলনে পৌরোহিত্য করেছিলেন। এই বছরে ব্রিক্সের ভারতীয় সভাপতিত্ব ব্রিক্সের পঞ্চদশ বার্ষিকীর সাথে একই সাথে ঘটেছে যেটি শীর্ষসম্মেলনের মূলভাবে প্রতিফলিত হয়েছে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 06, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.